বর্ধমান বিশ্ববিদ্যালয়

রাজবাটী, বর্ধমান

বিজ্ঞপ্তি

প্রজ্ঞাপন সংখ্যা-আর-সি/ইউ.জি.-পার্ম/এডমি/১ তারিখ ঃ ২৮.০৭.২০২০

মাননীয়া/মাননীয়া,
অধ্যক্ষ/উপধ্যক্ষ ভারপ্রাপ্ত/অধ্যক্ষ বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত কলেজ সমূহ।

২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমিস্টার ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তর কর্তৃক জারি নির্দেশনামা নং-434-Edn(CS)/10M-95/14 dated 16.07.2020 অনুযায়ী আগামী 10.08.2020 তারিখ থেকে বিশ্ববিদ্যালয়ে স্নাতকস্তরে অনলাইনে ভর্তির প্রক্রিয়া শুরু করতে হবে এবং 25.09.2020-এর মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সম্পন্ন হওয়ার পর পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তর-এর নির্দেশিত COVID-19 Procotol মেনে প্রথম বর্ষ প্রথম সেমিস্টারের ক্লাস শুরু করতে হবে। বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্রোগ্রাম/বিষয়ের নির্ধারিত Intake capacity-এর বাইরে ভর্তি করা যাবে না এছাড়া ভর্তি সংক্রান্ত নিম্নলিখিত সকল নির্দেশাবলী অনুসরণ করতে বলা হচ্ছে।

(১) সরকারী নির্দেশিকা অনুযায়ী প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা (Merit list with merit score) সংশ্লিষ্ট কলেজের ওয়েব সাইটে প্রকাশ (upload) করতে হবে এবং তার একটি কপি E-mail মারফৎ বিশ্ববিদ্যালয়ের কাছে পাঠাতে হবে। ভর্তি ও সংরক্ষণ সংক্রান্ত রাজ্য সরকারের সকল নির্দেশনামা (G.O.)/বিজ্ঞপ্তি এক্ষত্রে প্রযোজ্য হবে। ভর্তি চলাকালীন COVID-19 Protocol অনুযায়ী যে সরকারী নির্দেশনামা আসবে সেগুলি কার্যকর করতে হবে। ভর্তির জন্য মনোনীত ছাত্র/ছাত্রীকে তার নিজস্ব email/মোবাইল মারফৎ ভর্তির মনোনয়ন সংক্রান্ত তথ্য যথাযথভাবে জানাতে হবে। আর্থিকভাবে দুর্বল (EWS) সংরক্ষণ সংক্রান্ত আদেশনামা নং 325/PAR(AR)/3P-1/2019/ dt. 9.7.2019 ও নতুন কোনো নির্দেশনামা এলে সেটি কার্য্যকর করার ব্যবস্থা রাখতে হবে।

(২) আবেদনপত্র জমা দেওয়া ও ভর্তি প্রক্রিয়ার মধ্যে কোন অবস্থায় ছাত্র/ছাত্রীদের কলেজে হাজিরা দিতে বলা হবে না। সমস্ত প্রক্রিয়া সম্পন্ন হবে অনলাইনে। ভর্তির ফি জমা দিতে হবে E-payment-এর মাধ্যমে নির্ধারিত ব্যাঙ্কে। কলেজের নির্ধারিত ব্যাঙ্কে ভর্তি সংক্রান্ত তথ্য জানানোর দায়িত্ব কলেজের। ভর্তি সংক্রান্ত সাপ্তাহিক রিপোর্ট নির্ধারিত প্রফর্মা অনুযায়ী প্রতিটি কলেজ নিম্নলিখিত e-mail মারফত বিশ্ববিদ্যালয়কে অবশ্যই জানাবেন—(1) provc@buruniv.ac.in (2) registrar@buruniv.ac.in (3) ic@buruniv.ac.in।

(৩) যে সমস্ত ছাত্র/ছাত্রী 2017/2018/2019/2020 সালে কোনো স্বীকৃত কাউন্সিল বোর্ড বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কলেজের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে। স্বীকৃত কাউন্সিল বিশ্ববিদ্যালয়ের পূর্ণাঙ্গ তালিকা সঙ্গে দেওয়া হল।

(৪) যে সকল ছাত্র/ছাত্রী স্নাতক স্তরে ২০১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হয়েছিল এবং বিশ্ববিদ্যালয়ের Registration করেছে কিন্তু পরীক্ষার Form Fillup করেনি, তারা যদি যোগ্য বলে বিবেচিত হয়, তবে বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়ম অনুযায়ী এই বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত যে কোনো কলেজে Intake capacity-এর মধ্যে মেধা তালিকায় স্থান পেলে যে কোনো কোর্সে পুনরায় নতুনভাবে (re-admission নয়) স্নাতকস্তরে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে। কিন্তু তারা একই কলেজে তারা সর্বাধিক দুই বার ভর্তির সুযোগ পাবে। এক্ষেত্রে তাদের নতুন করে Registration করতে হবে না, আগের Registration বহাল থাকবে। তাদের শুধুমাত্র Enrolment Form পূরণ করতে হবে এবং উক্ত ছাত্র/ছাত্রীর নিকট থেকে এরূপ ভর্তির কারণের Self Declaration নিতে হবে।

(৫) স্নাতক স্তরে সম্মানিক (Hons.) জেনারেল (Genl.) কোর্স এ প্রথম বর্ষে প্রথম সেমিস্টারের ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল্য পরীক্ষায় পরিবেশবিদ্যা (Compulsory additional) বাদে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত পাঁচটি বিষয় মেধা তালিকা তৈরিতে বিবেচিত হবে। এক্ষেত্রে পরিবেশবিদ্যা যদি Compulsory Elective-এর মধ্যে থাকে তবে সেটি Best five-এর মধ্যে গণ্য হতে পারে। Hons. কোর্সে ভর্তি হওয়ার জন্য মেধাতালিকা তৈরি হবে কলেজ কর্তৃপক্ষের নির্ধারিত নিয়ম অনুসারে।

(৬) স্নাতক স্তরে সাম্মানিক (Hons.) কোর্সে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (10+2) সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বর মোট নম্বরের কমপক্ষে 45% নম্বর থাকতে হবে। মিউজিক এবং সাঁওতালি বিষয়ে ক্ষেত্রে কমপক্ষে 40% নম্বর থাকতে হবে এবং যে সমস্ত ছাত্র/ছাত্রী বা উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল্য পরীক্ষায় সাঁওতালি বিষয় ছাড়া পাশ করেছে তারাও সাঁওতালি বিষয়ে (Hons.) কোর্সে ভর্তি হবে পারবে।

(৭) Economics কোর্স এ ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) সমতুল পরীক্ষায় Mathematics/Business Mathematics/Equivalent বিষয়ে Pass Mark থাকতে হবে। এবং Nutrition (Hons.) কোর্সে ভর্তি হওয়ার

জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) সমতুল পরীক্ষায় Chemistry বিষয়ে Pass marks থাকতেই হবে।

(৮) (ক) B.B.A. (Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় Science, Arts, Commerce যে কোন শাখায় পাস করতে হবে।

(খ) B.C.A.(Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) সমতুল পরীক্ষায় Mathematics/Statistics/Computer Science/Computer Application/Business Economics & Mathematics (BEM) বিষয়ে Pass Marks থাকতেই হবে এবং যে সমস্ত ছাত্রছাত্রী CBSE বোর্ড থেকে Information Practice বিষয় নিয়ে (10+2) সমতুল পরীক্ষায় পাশ করেছে তারাও এই বিষয়ে অনার্স কোর্সে ভর্তি হতে পারবে।

(গ) B.Sc. in Bio-chemistry (Hons.) and B.Sc. in Bio-Technology (Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় বিজ্ঞান শাখায় Physics, Chemistry & Bio-science/ Mathematics বিষয়ে Pass Marks থাকতে হবে।

(৯) যে সমস্ত ছাত্র/ছাত্রী উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় সর্বাধিক নম্বরপ্রাপ্ত ৫টি বিষয়ে (প্রতিটি বিষয়ের পূর্ণমান 100 নম্বর নিয়ে যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বিশ্ববিদ্যালয় থেকে পাশ করেছে তারা স্নাতক স্তরে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারের ভর্তি হতে পারবে।

অথবা

যে সমস্ত ছাত্রছাত্রী কোনো স্বীকৃত বোর্ড/কাউন্সিল/বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় কমপক্ষে চারটি বিষয়ে (প্রতিটি বিষয়ে পূর্ণমান 100 নম্বর) মোট 400 নম্বর পরীক্ষায় ইংরেজি অথবা অন্য যে কোনো একটি ভাষায় প্রাপ্ত নম্বর ও অন্য যে কোনো তিনটি প্রথাগত বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে।

(১০) রাজ্যস্তরের খেলোয়াররা স্পোর্টস কোটায় সাম্মাণিক (Hons.) কোর্সের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে, যদি উচ্চ মাধ্যমিক/সমতুল পরীক্ষায় 45% নম্বর সহ স্বীকৃত খেলার যথাযথ প্রমাণপত্র থাকে। জেলাস্তরের খেলোয়াররা উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় Pass Marks সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমাণপত্র থাকলে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে জেনারেল কোর্সে ভর্তি হবার জন্য বিবেচিত হবে। Hons.-র ক্ষেত্রে প্রতিটি বিষয়ে একটি করে আসন এই স্পোর্টস কোটার জন্য বরাদ্ধ থাকবে। আবেদনকারীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে এই নির্বাচন করতে হবে এবং সেই ছাত্র/ছাত্রীটির নির্দিষ্ট ক্যাটাগরী থেকে ঐ আসনটি বরাদ্ধ করা হবে।

(১১) যে সমস্ত ছাত্রছাত্রী (10+2) সমতুল Vocational Engineering & Technology (অঙ্কে Pass Marks সহ) পরীক্ষায় পাশ করেছে তারা BCA(Hons.)/BBA(Hons.)/Computer Science (Hons.)/BA(General)/BSc (General) কোর্সে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হওয়ার যোগ্য।

(১২) যে সমস্ত ছাত্রছাত্রী (10+2) সমতুল Vocational Agriculture নিয়ে পাশ করেছে তারা BA/BSc (General) BBA(Hons.) কোর্সে ভর্তি হওয়ার যোগ্য।

(১৩) যে সমস্ত ছাত্রছাত্রী (10+2) সমতুল Vocational Business & Commerce নিয়ে পাশ করেছে তারা BA/.B.Com (General)/ B.Com(Hons)/BBA/(Hons.) কোর্সে ভর্তি হওয়ার যোগ্য।

(১৪) যে সমস্ত ছাত্রছাত্রী (10+2) সমতুল Vocational Home Science নিয়ে পাশ করেছে তারা BA(General)/BBA(Hons.) কোর্সে ভর্তি হওয়ার যোগ্য।

(১৫) যে সমস্ত ছাত্রছাত্রী উপরোক্ত Vocational কোর্স নিয়ে পাশ করেছে তারা সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক মোট আসন সংখ্যার মধ্যে সর্বাধিক 10% আসনে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তির সুযোগ পাবে, এক্ষেত্রে তাদের সাধারণ বোর্ড থেকে পাশ করে সুযোগ পাওয়া তালিকার সর্বনিম্ন প্রার্থীর থেকে অধিক নম্বর পেতে হবে।

(১৬) যে সব ছাত্রছাত্রী বিদেশী বিশ্ববিদ্যালয়/বোর্ড থেকে ডিগ্রী/(10+2) সমতুল পরীক্ষায় পাশ করেছে তারা এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত যে কোনো কলেজ স্নাতক কোর্সে মোট আসন সংখ্যার মধ্যে মাত্র 5% আসনে ভর্তি হওয়ার সুযোগ পাবে।

(১৭) যে সকল ছাত্রছাত্রী Cambridge University থেকে CIE পরীক্ষায় পাশ করেছে তারা এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত যে কোনো কলেজে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হওয়ার যোগ্য, এক্ষেত্রে অবশ্যই তাকে কমপক্ষে 'O' Level থেকে তিনটি বিষয়ে এবং 'A' Level থেকে দুটি বিষয়ে পাশ করতে হবে। উপরোক্ত দুটি লেভেলের মধ্যে কোন একটি লেভেলের মধ্যে ইংরেজি বিষয় থাকা বাধ্যতামূলক।

(১৮) প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ক্লাস শুরু হওয়ার ১০ দিনের মধ্যে কোন ছাত্রছাত্রী বিষয়/ধারা পরিবর্তন করার জন্য আবেদন করতে পারবে। কলেজ কর্তৃপক্ষ পরবর্তী ৫ দিনের মধ্যে বিষয়টি চূড়ান্ত করবেন।

(১৯) প্রতিটি কলেজকে অনুরোধ করা হচ্ছে বর্তমান পরিস্থিতির কথা বিবেচনা করে ভর্তির ফী যতটা সম্ভব কমোনোর চেষ্টা করতে হবে। কোনো অবস্থাতেই ফী গতবারের থেকে বাড়ানো চলবে না।

(২০) কোনো ছাত্র/ছাত্রী এক কলেজ থেকে অন্য কলেজ চলে যেতে চাইলে বা ভর্তি বাতিল করতে চাইলে পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশনামা নং 209(29)-Edn(U)/IU32/17 এবং dt 24/7/2017 UGC D.O. No. 1-3/2007(CPP-II) dt. 6/12/2016 অনুযায়ী ভর্তি ফী ফেরৎ দিতে হবে এবং সেই আসনটি ফাঁকা তালিকায় যুক্ত করতে হবে। ভর্তির আবেদনপত্রে ছাত্র/ছাত্রী বা তার পরিবারের কারো Bank Account এবং IFSC Code উল্লেখ করার ব্যবস্থা থাকতে হবে।

(২১) অনলাইন ভর্তির জন্য ব্যাঙ্ক যদি কোনো চার্জ নেয় সেটি ভর্তুকি হিসাবে কলেজকে প্রদান করার জন্য অনুরোধ করা হচ্ছে।

(২২) যে তথ্যগুলি রেজিস্ট্রেশনের সময় প্রয়োজন সেগুলি ক্রমঅনুসারে ভর্তির ফর্মে যুক্ত করার ব্যবস্থা করতে পারলে ভবিষ্যতে রেজিস্ট্রেশন ফর্মের তথ্য সংগ্রহ করার সুবিধা হবে। এগুলি ক্রম অনুসারে Excel Sheet-এ সংগ্রহ করে রাখতে হবে।

(২৩) On-line Admission-এর Software'এ Burdwan University-এর Registration-cum-enrolment From-এর নির্ধারিত Field গুলির মধ্যে ছাত্র/ছাত্রীর নিজস্ব মোবাইল নম্বর এবং ইমেল আইডি থাকা আবশ্যক এবং Excel Format-এ Output নিয়ে রাখতে হবে।

(২৪) On-line Registration সংক্রান্ত বিজ্ঞপ্তি পরে জানানো হবে।

প্রফেসর অভিজিৎ মজুমদার
কর্মসচিব (ভারপ্রাপ্ত)
তারিখ ঃ ২৮.০৭.২০২০

প্রজ্ঞাপন সংখ্যা-আর-সি/ইউ.জি.-পার্ম/এডমি/১(১০০)/১ তারিখ ঃ ২৮.০৭.২০২০
জ্ঞাতব্য তথ্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরিত হলো ঃ

১। মাননীয়/মাননীয়া—অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত সমস্ত কলেজ সমূহ।
২। পরীক্ষা নিয়ামক, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
৩। কলেজ পরিদর্শক, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
৪। সকল আধিকারিকবৃন্দ, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
৫। পি. এস., প্রিন্সিপ্যাল সেক্রেটারী, উচ্চশিক্ষা দপ্তর, প. ব. সরকার।
৬। পি. এস., উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
৭। পি. এস., সহ-উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
৮। জে. এস., কর্মসচিব, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
৯। এস. এস., অনুমতি শাখা, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
১০। জে. এস., রেজিস্ট্রেশন ও মাইগ্রেশন শাখা, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
১১। সিস্টেম ম্যানেজার, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সেন্টার, এই বিজ্ঞাপনটি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেবার জন্য অনুরোধ করা হচ্ছে।

প্রফেসর অভিজিৎ মজুমদার

অনুলিপি সঙ্গে দেওয়া হল ঃ

১। অনুমোদিত বোর্ড/কাউন্সিল/বিশ্ববিদ্যালয়ের তালিকা
২। G.O. No. 434-Edn.(CS)/IOM-95/14 dt. 16.07.2020
৩। G.O. No. 209(29)-Edn.(U)/1U-32/17 dt. 24.07.2017